



তথ্যবিবরণী

নম্বর- ১১৯

তরুণরা যুগে যুগে প্রমাণ দিয়েছে তারুণ্যের শক্তিই আসল শক্তি

-- চাঁপাইনবাবগঞ্জ জেলা প্রশাসক

রাজশাহী; ১৯ অগ্রহায়ণ (০৪ ডিসেম্বর):

চাঁপাইনবাবগঞ্জের জেলা প্রশাসক মো. আব্দুস সামাদ বলেছেন, তারুণ্যের শক্তিই আসল শক্তি। যুগে যুগে তারা এর প্রমাণ দিয়ে গেছে। মাঝ বয়সী বা বেশি বয়সীদের দিয়ে গঠনমূল পরিবর্তনের ঝুঁকি গ্রহণ করা সম্ভব হয় না। তাদের নানারকম পিছুটান থাকে, সীমাবদ্ধতা থাকে।

আজ বুধবার (৪ ডিসেম্বর) সকালে চাঁপাইনবাবগঞ্জ জেলা তথ্য অফিস আয়োজিত 'তারুণ্য নির্ভর বাংলাদেশ বিনির্মাণ' শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। চাঁপাইনবাবগঞ্জ শাহ নেয়ামতুল্লাহ কলেজ মিলনায়তনে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক বলেন, সাম্প্রতিক সময়ের জুলাই আগস্টের গণ-অভ্যুত্থানে তরুণরা দেখিয়ে দিয়েছে যুব সমাজ জাগলে সকল অন্যায্য অবিচার দূর করা সম্ভব। তরুণদের শক্তি ও সাহস আমাদের সম্পদ। এ সম্পদকে কাজে লাগাতে হবে।

তিনি তরুণদের উদ্দেশে বলেন, তোমাদের প্রথম কাজ হচ্ছে শিক্ষা সমাপ্ত করা এবং কর্মমুখী শিক্ষায় নিজেদের আত্মনিয়োগ করা। অলস মস্তিষ্কে শয়তান ভর করতে পারে উল্লেখ করে তিনি বলেন, ছাত্ররা উপযুক্ত কাজ না পেলে তার শিক্ষা তার জন্য অভিশাপ হতে পারে। তরুণদের উদ্যম ও কর্মস্পৃহা যেন নষ্ট না হয় সে বিষয়ে সজাগ থাকতে হবে।

এসময় জেলা প্রশাসক মাদকের বিষয়ে তরুণদের সতর্ক থাকার আহ্বান জানান।

আলোচনা সভায় মুখ্য আলোচক হিসেবে ধারণাপত্র উপস্থাপন করেন রাজশাহী পিআইডির উপপ্রধান তথ্য অফিসার মো. তৌহিদুজ্জামান। জেলা তথ্য অফিসার রূপ কুমার বর্মনের সভাপতিত্বে সভায় অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের চাঁপাইনবাবগঞ্জের আহ্বায়ক আব্দুর রাহিম, শাহ নেয়ামতুল্লাহ কলেজের অধ্যক্ষ মো. কামরুজ্জামান প্রমুখ।

অনুষ্ঠানে শাহ নেয়ামতুল্লাহ কলেজের শিক্ষক-শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

.....
তৌহিদ/আতিক/আরিফ/আলীম/রুহুল/কনক/হালিম/২০২৪/১৫:৫০ ঘ.